# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১৯৯

২১/ যবেহ করা (كتاب الذبائح)

পরিচ্ছেদঃ ২১/১৫. পেটের বাচ্চার জন্য তার মায়ের যবেহ-ই যথেষ্ট

بَاب ذَكَاةِ الْجَنِينِ ذَكَاةُ أُمِّهِ

আরবী

حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ الْمُبَارَكِ وَأَبُو خَالِدٍ الْأَحْمَرُ وَعَبْدَةُ بْنُ سُلَيْمَانَ عَنْ مُجَالِدٍ عَنْ أَبِي الْوَدَّاكِ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ سَأَلْنَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم عَنْ الْجَنِينِ فَقَالَ كُلُوهُ إِنْ شِئْتُمْ فَإِنَّ ذَكَاتَهُ ذَكَاةُ أُمِّهِ» قَالَ أَبُو عَبْد اللهِ سَمِعْتُ الْكَوْسَجَ إِسْحَقَ بْنَ مَنْصُورٍ يَقُولُ فِي قَوْلِهِمْ فِي الذَّكَاةِ لَا يُقْضَى بِهَا مَذِمَّةٌ قَالَ مَذِمَّةٌ بِكَسْرِ الذَّالِ مِنْ الذِّمَامِ وَبِفَتْحِ الذَّالِ مِنْ الذَّمِّ

বাংলা

১/৩১৯৯। আবূ সাঈদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গর্ভবতী পশুর পেটের বাচ্চা সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বলেনঃ তোমরা ইচ্ছা করলে তা খেতে পারো। কেননা তার মায়ের যবেহ তার যবেহ-এর জন্য যথেষ্ট।

## English

It was narrated that Abu Sa’eed said:
“We asked the Messenger of Allah (ﷺ) about the fetus. He said: ‘Eat it if you wish, for it is considered legally slaughtered with the slaughtering of its mother.’”

ফুটনোট

তিরমিযী ১৪৭৬, আবূ দাউদ ২৮২৭, রাওদুন নাদীর ৫১৪, ৫১৫, সহীহ আবু দাউদ ২৫১৬, ইরওয়া ২৫৩৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. আবু খালিদ আল আহমার সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন

বলেন, তিনি সত্যবাদী কিন্তু তার হাদিস দলীলযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, কোন সমস্যা নেই। ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় সালেহ কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ ও ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫০৪, ১১/৩৯৪ নং পৃষ্ঠা) ২. মুজালিদ বিন সাঈদ সম্পর্কে ইমাম বুখারী ও ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ। ইয়াহইয়া বিন সাঈদ আল-কাত্তান বলেন, তিনি যইফ বা দুর্বল। ইবনু মাঈন বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহন করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭৮০, ২৭/২১৯ নং পৃষ্ঠা)

উক্ত হজাদিসের সানাদ মুজালিদ বিন সাঈদ এর কারণে দুর্বল। হাদিসটির ১৫৯ টি শাহিদ হাদিস রয়েছে। ১ টি জাল, ১১ টি খুবই দুর্বল, ৭৪ টি দুর্বল, ৩৫ টি হাসান, ৩৮ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১৪৭৬, আবু দাউদ ২৮২৭, ২৮২৮, দারিমী ১৯৭৯, আহমাদ ১০৮৬৭, ১০৯৫০, ১১০২২, ১১১০৩, দারাকুতনী ৪৬৮৬, ৪৬৯০, ৪৬৯১, ৪৬৯২, ৪৬৯৩, ৪৬৯৪, ৪৬৯৫, ৪৬৯৬, মুসান্নাফ আবদুর রাযযাক ৮৬৪৯, ৮৬৫০, মু'জামুল আওসাত ৩৬০৬, ৩৭১১, ৬৭২১, ৭৮৫৬, ৮০৯৯, ৮২৩৪, ৯৪৫৩, শারহুস সুন্নাহ ২৭৮৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ￼ বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন